

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৫- ৭৬

তারিখ: ১৬ চৈত্র, ১৪৩২
৩০ মার্চ, ২০২৬


বিষয়: আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের প্রতি বিশেষ নির্দেশনা।

সূত্র: ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগিতের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হতে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। আসন্ন পরীক্ষায় যেকোনো ধরনের অনিয়ম প্রতিরোধে সরকার শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি গ্রহণ করেছে। উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

- (১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা-২০২৬ গ্রহণের লক্ষ্যে নির্বাচিত প্রতিটি পরীক্ষা কেন্দ্রসহ কেন্দ্রের প্রতিটি কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করতে হবে;
- (২) যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা অচল/অকেজো অবস্থায় রয়েছে, সে সকল পরীক্ষা কেন্দ্রের সিসিটিভি ক্যামেরা পরীক্ষা শুরুর পূর্বেই সচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৩) সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত সকল ভিডিও যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তা সরবরাহ করতে হবে;
- (৪) সকল পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে কাটাওয়ালা ঘড়ি টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৫) স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা রক্ষার্থে পর্যাপ্ত নিরাপত্তা বাহিনীর সদস্য মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৬) কেন্দ্রসচিব ব্যতিত পরীক্ষার হলে কোনো শিক্ষক/পরীক্ষার্থী যাতে মোবাইল ফোন ব্যবহার করতে না পারে তা নিশ্চিত করতে হবে;
- (৭) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী কোনো পরীক্ষার্থী যাতে কোনো উপায়েই নকল বা অসদুপায় অবলম্বন করতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে। মেয়ে পরীক্ষার্থীদের ক্ষেত্রে মহিলা শিক্ষক দ্বারা দেহ তল্লাশির ব্যবস্থা করতে হবে;
- (৮) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে অভিভাবকসহ শিক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা টাঙিয়ে দিতে হবে;
- (৯) প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পরিষ্কার পরিচ্ছন্নসহ পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
- (১০) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক কেন্দ্রসচিবদের প্রতি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (১১) সর্বোপরি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (দাখিল ও সমমান) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনে কোন প্রকার অবহেলা/গাফিলতির কারণে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিবসহ দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী


মুহাম্মদ মাহবুবুল হক
পরিচালক (প্রশাসন)
ও যুগ্মসচিব
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কেন্দ্রসচিব, মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল দাখিল/সমমান পরীক্ষা কেন্দ্র-২০২৬ এবং
- ২। অধ্যক্ষ/সুপার, দাখিল/সমমান পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৫- ১৬

তারিখ: ১৬ চৈত্র, ১৪৩২
৩০ মার্চ, ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড।
- ৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
- ৬। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় (সকল জেলা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল উপজেলা)।
- ৮। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি.....নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ
- ৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় (সকল উপজেলা/থানা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস নথি।